দিনাজপুর বোর্ড ২০১৫
হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সোনার বাংলা কোম্পানির রেওয়ামিল নিম্নে দেয়া হলো :

সোনার বাংলা কোম্পানি লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৩ইং

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অফিস সরঞ্জাম	৪০,০০০	
অগ্রিম বিমা	১২,০০০	
অফিস সাপ্লাইজ	১২,৫০০	
পুঞ্জিভূত অবচয়		৪,০০০
প্রদেয় মজুরি		৬,০০০
অগ্রিম পরিবহন খরচ	৮,৫০০	
সেবা আয়		৩৫,০০০
অগ্রিম সেবা আয়		৩,০০০
শেয়ার মূলধন		২৫,০০০
	৭৩,০০০	৭৩,০০০

অন্যান্য তথ্যাবলি: (i) অব্যবহৃত অফিস সাপ্লাইজের পরিমাণ ৪,৫০০ টাকা। (ii) অফিস সরঞ্জামের উপর ৫% অবচয় ধার্য করো। (iii) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ৫০০ টাকা। (iv) অগ্রিম সেবা আয়ে ৪০% এর সেবা পাওয়া গেছে। (v) অগ্রিম পরিবহন খরচের ৪,০০০ টাকার সেবা পাওয়া গেছে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ কত? ২

খ. যথোপযুক্ত ছকে সোনার বাংলা কোম্পানি লি.-এর নিট মুনাফা নির্ণয় করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২. সাদ কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১,০০,০০,০০০ টাকা। উক্ত মূলধন প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। উক্ত কোম্পানির রেওয়ামিল নিচে দেওয়া হলো :

সাদ কোম্পানি লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৩ইং

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন : ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন ৬৪,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা মূল্যের		৬৪,০০,০০০
পণ্য ক্রয় ও বিক্রয়	২৫,২৫,০০০	৫০,৩৫,০০০
যন্ত্রপাতি	৮,০০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০,০০০	
প্রদেয় হিসাব		৬,০০,০০০
সাধারণ সঞ্চিতি তহবিল		৭,০০,০০০
নগদ তহবিল	৫৩,০০,০০০	
বিজ্ঞাপন	৬,০০,০০০	
প্রাপ্য হিসাব	১২,৫৫,০০০	
ব্যবসায় গঠন খরচ	২,৫৫,০০০	

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
খুচরা যন্ত্রাংশ	৫,০০,০০০	
সংরক্ষিত আয় বিবরণী (০১.০১.২০১৩)		৪,০০,০০০
অবলেখকের কমিশন	৪,০০,০০০	
	১,৩১,৩৫,০০০	১,৩১,৩৫,০০০

অন্যান্য তথ্যাবলি: ১. ২০১৩ সালের ৩১ ডিসেম্বর মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৬,০০,০০০ টাকা এবং বাজারমূল্য পণ্য বিতরণ ১৭,৫০,০০০ টাকা। ২. বিনামূল্যে পণ্য বিতরণ ৫০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি এবং মোট বিজ্ঞাপন খরচ পাঁচটি হিসাব বছরে সমন্বয় হবে। ৩. বিবিধ দেনাদারের ৫০,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের উপর ১০% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৪. নিট লাভের ৫০,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর কর এবং ৪০,০০০ টাকা দিয়ে ত্রাণ তহবিল তৈরি করো। ৫. যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করো।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. নিট লাভ ২১,৬৫,০০০ টাকা হলে সংরক্ষিত আয় বিবরণী তৈরি করো। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৩ সালের কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩. নিম্নে তরুণ ক্লাবের ৩১ ডিসেম্বর, ২০০৭ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব দেওয়া হলো:

তরুণ ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১শে ডিসেম্বর, ২০০৭

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
প্রারম্ভিক উদ্বৃত্ত	১৫,০০০	বেতন (³/₀)	৬,০০০
চাঁদা-২০০৬	৮০০	সাধারণ খরচ	৮,০০০
২০০৭	২০,০০০	পৌরকর	৬০০
২০০৮	৯০০	দান খয়রাত	২,৫০০
অনুদান	৫,০০০	৬% সিকিউরিটি ক্রয়	২০,০০০
টিকিট বিক্রয়	১০,০০০	বিদ্যুৎ খরচ	১,৫০০
পুরাতন কাগজ বিক্রয়	৫০০	সমাপনী উদ্বৃত্ত	১৩,৬০০
	৫২,২০০		৫২,২০০

অন্যান্য তথ্যাবলি: ১. ক্লাবের মোট সদস্য ৫০০ জন যাদের প্রত্যেকে বাৎসরিক চাঁদা দেয় ৫০ টাকা করে। ২. পৌরকর বাৎসরিক ৬০০ টাকা যা পরিশোধ করা হয়েছে ৩১ মার্চ ২০০৮ সাল পর্যন্ত। ৩. দালানের মূল্য ৫০,০০০ টাকা অবচয়ের হার ৫%। ৪. সিকিউরিটির ৬ মাসের সুদ বকেয়া রয়েছে।

ক. মোট বেতনের পরিমাণ কত? ২

খ. তরুণ ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. উদ্বর্তপত্রের সম্পদ পাশের দফাসমূহের যোগফল নির্ণয় করো। ৪

৪. আজাদ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হলো। কোম্পানি ৯০,০০০ শেয়ার ১০ টাকা অধিহারসহ আবন্টনের উদ্দেশ্যে প্রসপেকটাস প্রকাশ করল। সর্বমোট ৩,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি ৯০,০০০ শেয়ার যথারীতি বন্টন করল এবং অতিরিক্ত আবেদনের ২,১০,০০০ শেয়ারের টাকা ফেরত দেয়া হলো। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচ ১০,০০০ টাকা এবং অবলেখকের দস্তুরি ৭,০০০ টাকা চেকের মাধ্যমে প্রদান করা হলো। অবলেখকের দস্তুরি বাদে শেয়ার ইস্যু সংক্রান্ত খরচকে কোম্পানি প্রাথমিক খরচাবলি হিসাবে বিবেচনা করতে হবে।

ক. শেয়ার অধিহারের পরিমাণ কত? ২

খ. আজাদ কোম্পানি লিমিটেডের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. আজাদ কোম্পানি লিমিটেডের উদ্বর্তপত্র তৈরি করো। ৪

৫. সালেক লিমিটেড এর ৩১ ডিসেম্বর ২০১৩ সালের উদ্বর্তপত্র ও অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

সালেক লিমিটেড
উদ্বর্তপত্র
৩১শে ডিসেম্বর, ২০১৩ইং

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
সাধারণ শেয়ার মূলধন	৬,০০,০০০	ভূমি ও দালানকোঠা	৬,০০,০০০
১০% অগ্রাধিকার শেয়ার মূলধন	৩,০০,০০০	কলকজা	৪,৫০,০০০
সাধারণ সঞ্চিতি	৩,৭৫,০০০	আসবাবপত্র	১,৫০,০০০
লাভ-ক্ষতি হিসাব	২,২৫,০০০	মজুদ পণ্য	৩,৭৫,০০০
১২% ঋণপত্র	২,২৫,০০০	বিবিধ দেনাদার	৫,২৫,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১,৫০,০০০	প্রাপ্য বিল	১,২০,০০০
বিবিধ পাওনাদার	৩,৭৫,০০০	নগদ তহবিল	৩০,০০০
	২২,৫০,০০০		২২,৫০,০০০

অন্যান্য তথ্যাবলি: প্রারম্ভিক মজুদ পণ্য ৩,২৫,০০০ টাকা, নিট ক্রয় (ধারে) ১৫,০০,০০০ টাকা, নিট বিক্রয় (ধারে) ৩০,০০,০০০ টাকা, মোট লাভ ৫,০০,০০০ টাকা এবং করবাদ নিট লাভ ৩,০০,০০০ টাকা।

ক. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ২

খ. দেনাদার আবর্তন অনুপাত ও পাওনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

গ. মোট সম্পত্তি আবর্তন ও কার্যকরী মূলধন আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

৬. ফুয়াদ কোম্পানি লি.-এর ২০১৪ সালের উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	টাকা
তৈরি মজুদ পণ্য (০১-০১-২০১৩) ৪,০০০ একক	২০,০০০
ব্যবহৃত কাঁচামাল	১,২০,০০০
মজুরি	৭২,০০০
কারখানা উপরিখরচ	২৪,০০০
প্রশাসনিক খরচ	৪৮,০০০
বিক্রয় ও বিতরণ খরচ	২০,০০০

২০,০০০ একক দ্রব্য বিক্রয় করা হয়। ব্যবসায়ের অর্জিত লাভ বিক্রয়ের উপর ২০%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০১৩) ৮,০০০ একক।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় করো। ২

খ. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

৭. X, Y এবং Z এর মজুরি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :
ঘণ্টাপ্রতি স্বাভাবিক উৎপাদন ২০ একক, ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি ৫ টাকা, প্রমাণ উৎপাদনের নিচে কার্যহারের ৬০% প্রমাণ উৎপাদনের ঊর্ধ্বে কার্যহারের ১১০% সপ্তাহে ৪০ ঘণ্টা কাজ হয়।
শ্রমিক কর্তৃক প্রকৃত উৎপাদন :

X ৮০০ একক
Y ৯০০ একক
Z ৭০০ একক

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন নির্ণয় করো। ২

খ. এককপ্রতি মজুরির হার, প্রমাণ উৎপাদনের সাথে প্রকৃত উৎপাদনের পার্থক্য নির্ণয়ের মাধ্যমে শ্রমিকদের দক্ষতা পরিমাপ করো। ৪

গ. মোট মজুরি নির্ণয় করো। ৪

৮. সেতু ট্রেডার্সের নিকট বছরের শুরুতে ৮ টাকা দরে ৪০০ একক পণ্য মজুদ ছিল। সারা বছর সেতু ট্রেডার্সের ক্রয়ের পরিমাণ ছিল নিম্নরূপ :

ফেব্রু. ২৫ ৯ টাকা দরে ৬০০ একক।
মে ১০ ১০ টাকা দরে ৫০০ একক।
জুলাই ২০ ১১ টাকা দরে ৩০০ একক।
নভে. ১৫ ১২ টাকা দরে ২০০ একক।

সারা বছর বিক্রয়ের পরিমাণ প্রতি একক ২০ টাকা করে ১,৫০০ একক।

ক. সেতু ট্রেডার্সের সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় করো। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী তৈরি করে মোট মুনাফা নির্ণয় করো। ৪

৯. হাবিব কোম্পানির আয় বিবরণী নিচে দেওয়া হলো :

বিবরণ	টাকা
বিক্রয় (৫,০০০ একক × ৬ টাকা)	৩০,০০০
বাদ : পরিবর্তনশীল ব্যয় (৫,০০০ একক × ৪ টাকা)	২০,০০০
(দত্তাংশ)	১০,০০০
বাদ : স্থির খরচ	৮,০০০
নিট মুনাফা	২,০০০

ক. কন্ট্রিবিউশন মার্জিন (দত্তাংশ) অনুপাত নির্ণয় করো। ২

খ. সমচ্ছেদ বিন্দু বিক্রয় টাকায় ও এককে নির্ণয় করো। ৪

গ. সমচ্ছেদ বিন্দুর সত্যতা যাচাই কর আয় বিবরণীর মাধ্যমে। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. মোট সেবা আয় ৩৬,২০০ টাকা। খ. নিট মুনাফা ২১,৭০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫৪,৫০০ টাকা।

২. উত্তর : ক. বিলম্বিত বিজ্ঞাপন ৫,২০,০০০ টাকা। খ. সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত ২৪,৭৫,০০০ টাকা। গ. মোট সম্পদ ১,০৩,৭৯,৫০০ টাকা।

৩. উত্তর : ক. মোট বেতন ৯,০০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিল ৬৫,৮০০ টাকা। গ. মোট সম্পদ ৮৬,৮৫০ টাকা।

৪. উত্তর : ক. শেয়ার অধিহারের পরিমাণ ৯,০০,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

৫. উত্তর : ক. মজুদ আবর্তন অনুপাত ৭.২৪ বার। খ. দেনাদার আবর্তন অনুপাত ৪.৬৫ বার; পাওনাদার আবর্তন অনুপাত ৪ বার। গ. মোট সম্পত্তি আবর্তন অনুপাত ১.৩৩ বার; কার্যকরী মূলধন অনুপাত ১ : ১।

৬. উত্তর : ক. উৎপাদিত পণ্যের একক ২৪,০০০। খ. বিক্রিত পণ্যের ব্যয় ১,৬৪,০০০ টাকা। গ. নিট লাভ ৫৮,০০০ টাকা।

৭. উত্তর : ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন ৮০০ একক। খ. একক প্রতি মজুরি হার ০.২৫ টাকা, প্রমাণ উৎপাদনের নিচে একক প্রতি মজুরি হার ০.১৫ টাকা, প্রমাণ উৎপাদনের উর্ধ্বে একক প্রতি মজুরি হার ০.২৭৫ টাকা। দক্ষতা: X- স্বাভাবিক, Y- উর্ধ্বে, Z- নিম্নে। গ. মোট মজুরি ৫৫৩ টাকা।

৮. উত্তর : ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ৫০০ (একক)। খ. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৪,৮২৫ টাকা। গ. মোট মুনাফা ১৫,৫২৫ টাকা।

৯. উত্তর : ক. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৩৩.৩৩%। খ. সমচ্ছেদ বিন্দু (একক) ৪,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ২৪,০০০ টাকা। গ. মুনাফা ০ টাকা। সুতরাং সমচ্ছেদ বিন্দুতে মুনাফার পরিমাণ শূন্য যা সমচ্ছেদ বিন্দুর সত্যতা প্রমাণ করে।

দিনাজপুর বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বিষয় কোড : ২ ৫ ৪

১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক) মুনাফা অর্জন করা
খ) সদস্য ও জনগণের সেবাদান
গ) পণ্য ও সেবার বিনিময় করা
ঘ) সদস্যদের মধ্যে মুনাফা বণ্টন

২. খাদ্য সামগ্রী ক্রয় ১০,০০০ টাকা, প্রারম্ভিক খাদ্য সামগ্রী ২,০০০টাকা, ব্যবহৃত খাদ্য সামগ্রী ৮,০০০ টাকা হলে অব্যবহৃত খাদ্য সামগ্রীর পরিমাণ কত?
ক) ২,০০০ টাকা খ) ৪,০০০ টাকা
গ) ৬,০০০ টাকা ঘ) ১৬,০০০ টাকা

৩. প্রাপ্তি প্রদান হিসাবের সমাপনী জের নির্দেশ করে—
i. হাতে নগদের উদ্বৃত্ত ii. ব্যাংকে জমার উদ্বৃত্ত
iii. আয় বা ক্ষতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. ১৯৯৪ সালের কোম্পানির আইন অনুযায়ী কোন প্রতিষ্ঠানের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত ও উপস্থাপন বাধ্যতামূলক?
ক) ব্যাংক কোম্পানি খ) বীমা কোম্পানি
গ) প্রাইভেট লি: কোম্পানি ঘ) পাবলিক লি: কোম্পানি

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও।
১লা জানুয়ারি ২০১২ সালে এক্সেল কোম্পানি লি: এর নগদ জমার উদ্বৃত্ত ছিল ২৫,০০০ টাকা। উক্ত বৎসরে প্রতিষ্ঠানের অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :
নীট আয় ৩০,০০০ টাকা
সাধারণ শেয়ার ইস্যু ৭০,০০০ টাকা
লভ্যাংশ প্রদান ১২,০০০ টাকা
দীর্ঘমেয়াদী বিনিয়োগপত্র ক্রয় ১,৬০,০০০ টাকা
মেশিন বিক্রয় ৯০,০০০ টাকা
বিগত বৎসরে প্রাপ্য হিসাবের জের ১০,০০০ টাকা
চলতি বৎসরে প্রাপ্য হিসাবের জের ২৮,০০০ টাকা
অবচয় ১০,০০০ টাকা

৫. প্রতিষ্ঠানের বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ কত টাকা?
ক) ৭০,০০০ খ) ,৬০,০০০
গ) ১,৩০,০০০ ঘ) ২,৫০,০০০

৬. প্রতিষ্ঠানের পরিচালন সংক্রান্ত কার্যকলাপ হতে নগদ প্রবাহের পরিমাণ কত টাকা?
ক) ১২,০০০ খ) ১৮,০০০
গ) ২০,০০০ ঘ) ২২,০০০

৭. সাধারণ অংশীদারি ব্যবসায়ে সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ক) ২ খ) ৭ গ) ১০ ঘ) ২০

৮. ক, খ ও গ একটি অংশীদারি ব্যবসায়ের অংশীদার। তাদের লাভ-ক্ষতি বণ্টনের অনুপাত ৫ : ৩ : ১। খ একক্রমে গ কে এ মর্মে নিশ্চয়তা প্রদান করে যে গ প্রতি বৎসর কমপক্ষে ২০,০০০ টাকা মুনাফা পাবে। ঐ সংশ্লিষ্ট হিসাবকালে ব্যবসায়ের মুনাফা ১,৬২,০০০ টাকা হলে খ এর প্রাপ্য মুনাফার পরিমাণ কত টাকা?
ক) ১৮,০০০ খ) ২০,০০০
গ) ৫২,০০০ ঘ) ৫৪,০০০

৯. আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন —
ক) বাধ্যতামূলক খ) বাধ্যতামূলক নয়
গ) চুক্তি সাপেক্ষ ঘ) শর্ত সাপেক্ষ

১০. নগদ প্রবাহ বিবরণীতে দেখানো হয় —
i. নগদ অর্থের আগমন ii. নগদ অর্থের পরিবর্তন
iii. নগদ অর্থের নির্গমন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও।
যমুনা লি: প্রতি শেয়ার ১০০ টাকা হিসাবে ২০,০০০ সাধারণ শেয়ার প্রতি শেয়ার ১০% বাট্টায় ইস্যু করল। সর্বমোট ৩০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। এর মধ্যে ২০,০০০ শেয়ার যথারীতি আবণ্টন করা হয়। অবশিষ্ট আবেদনে টাকা আবেদনকারীদের ফেরত দেয়া হয়। সমুদয় অর্থ পাওয়া যায়।

১১. আদায়কৃত মূলধনের পরিমাণ কত?
ক) ২০,০০,০০০ টাকা খ) ১৮,০০,০০০ টাকা
গ) ১৭,৮০,০০০ টাকা ঘ) ১৬,০০,০০০ টাকা

১২. শেয়ার বাট্টার পরিমাণ কত?
ক) ৪০,০০০ টাকা খ) ৮০,০০০ টাকা
গ) ১,০০,০০০ টাকা ঘ) ২,০০,০০০ টাকা

১৩. নিমজ্জিত ব্যয় হচ্ছে —
i. প্রাসঙ্গিক ব্যয় ii. অপ্রাসঙ্গিক ব্যয়
iii. ঐতিহাসিক ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. কোন ব্যয়ের এককপ্রতি ব্যয় স্থায়ী থাকে?
ক) পরিবর্তনশীল ব্যয় খ) আধা পরিবর্তনশীল ব্যয়
গ) স্থায়ী ব্যয় ঘ) মোট ব্যয়

১৫. নিচের কোনটি উপার্জন?
ক) অগ্রিম বেতন খ) জরিমানা
গ) যাতায়াত ভাতা ঘ) আয়কর

১৬. ভবিষ্যত তহবিলে নিয়োগকর্তার দান—
i. কর্মীর জন্য উপার্জন ii. কর্মীর জন্য কর্তন
iii. নিয়োগকর্তার ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. অব্যবসায়ী প্রতিষ্ঠানে প্রারম্ভিক মূলধন তহবিল কীভাবে নির্ণয় হয়?
ক) মোট আয় বাদ মোট খরচ
খ) প্রারম্ভিক সম্পত্তি বাদ প্রারম্ভিক দায়
গ) সমাপনী সম্পত্তি বাদ সমাপনী দায়
ঘ) মোট প্রাপ্তি বাদ মোট প্রদান

১৮. বাজেট কী?
ক) ভবিষ্যতের জন্য পরিকল্পনা প্রণয়ন
খ) ভবিষ্যত পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ
গ) প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের দলিল
ঘ) উৎপাদিত পণ্যের মোট ব্যয় নিরূপণ

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও।
XYZ একটি ইঞ্জিনিয়ারিং কোম্পানি। ২০১২ সালের শুরুতে তাদের তৈরি পণ্য ছিল ৫০টি রিফ্রিজারেটর। বৎসর শেষে দেখা গেল ৬,০০০ রিফ্রিজারেটর বিক্রি ৬০,০০,০০০ টাকায় করার পরও ২৫০ টি রিফ্রিজারেটর মজুদ আছে। প্রতিষ্ঠানের ব্যবস্থাপক হিসাব করে দেখল তাদের ঐ বৎসরের মোট উৎপাদন ব্যয় ৫১,০৮,৮০০ টাকা এবং এককপ্রতি পরিচালন ব্যয় ৮৩.৩৩ টাকা।

১৯. XYZ কোম্পানির সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?
ক) ২,০৬,০০০ খ) ২,০৮,০০০
গ) ২,১২,০০০ ঘ) ২,১২,৮৬৭

২০. XYZ কোম্পানির এককপ্রতি লাভ হবে কত টাকা?
ক) ৯০.৬৭ খ) ৯২.৬৭
গ) ৯৪.৬৭ ঘ) ৯৬.৬৭

২১. ক্রয়কৃত মাল ফরমায়েশ অনুযায়ী না হলে তার কারণ উল্লেখ করে যে পত্র বিক্রেতার নিকট প্রেরণ করা হয় তাকে বলা হয়—
i. ডেবিট নোট ii. ক্রেডিট নোট
iii. চালান
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

২২. নিচের কোন দফাটি মূলধন সঞ্চিতি হিসাবে স্থানান্তর করা হয়?
ক) নিবন্ধনপূর্ব মুনাফা খ) নীট লাভ
গ) সাধারণ সঞ্চিতি ঘ) আয়কর সঞ্চিতি

২৩. অধিহারে শেয়ার ইস্যুর কারণ—
i. নতুন কোম্পানির ব্যবসায়ের উজ্জ্বল সম্ভাবনা থাকলে
ii. পুরাতন প্রতিষ্ঠিত কোম্পানির নতুন শেয়ার বিক্রির উদ্যোগ নিলে
iii. প্রতিষ্ঠানে সকল পরিচালকবৃন্দ কর্মরত থাকলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. কোন উৎপাদনকারী প্রতিষ্ঠানে উৎপাদনের সময় প্রতি একক ২০ মিনিট এবং তাৎক্ষণিক মজুরির হার ঘণ্টা প্রতি ৬ টাকা হলে, এককপ্রতি মজুরির হার কত?
ক) ২ টাকা খ) ৩ টাকা
গ) ৪ টাকা ঘ) ৫ টাকা

২৫.

	A কোম্পানি	B কোম্পানি
মোট লাভ অনুপাত	২৮%	৩০%
নীট লাভ অনুপাত	২০%	১৫%
বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত	১৮%	২০%
চলতি অনুপাত	৩ : ১	২ : ১

বিনিয়োগের ক্ষেত্রে কোন কারবার অধিকতর সুবিধাজনক অবস্থানে রয়েছে?
ক) B কারণ এর মোট লাভ অনুপাত বেশী
খ) A কারণ এর নীট লাভ অনুপাত বেশী
গ) B কারণ এর বিনিয়োজিত মূলধন আয় অনুপাত বেশী
ঘ) A কারণ এর চলতি অনুপাত বেশী

উদ্দীপকটি পড়ো এবং ২৬-২৭নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আতিক একজন খুচরা ব্যবসায়ী। তিনি আগের মাল আগে ছাড়া পদ্ধতিতে (FIFO) মজুত পণ্য মূল্যায়ন করেন। তার ২০১২ সালের ডিসেম্বর মাসের লেনদেন নিম্নরূপ:
ডিসেম্বর ০১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২,০০০ একক প্রতি একক ৫ টাকা
১০ পণ্য ক্রয় ১,০০০ একক প্রতি একক ৬ টাকা
১৫ পণ্য বিক্রয় ১,৫০০ একক প্রতি একক ৯ টাকা
৩১ পণ্য ক্রয় ১,২০০ একক প্রতি একক ৫ টাকা

২৬. জনাব আতিকের ডিসেম্বর মাস শেষে মজুদ পণ্যের মূল্য কত টাকা?
ক) ১৩,৫০০ খ) ১৪,৫০০
গ) ১৫,৫০০ ঘ) ১৬,২০০

২৭. জনাব আতিকের ডিসেম্বর মাস শেষে মুনাফার পরিমাণ কত টাকা?
ক) ৬,০০০ খ) ৬,৫০০
গ) ৮,৫০০ ঘ) ১০,০০০

২৮. পরোক্ষ কাঁচামাল পরোক্ষ মজুরি ও পরোক্ষ খরচকে এক কথায় কি বলে?
ক) কারখানা ব্যয় খ) কারখানা উপরিব্যয়
গ) মুখ্য ব্যয় ঘ) উৎপাদন ব্যয়

২৯. কোথায় সর্বপ্রথম যৌথ মূলধনী কোম্পানির উদ্ভব হয়?
ক) জাপানে খ) ইংল্যান্ডে
গ) আমেরিকায় ঘ) রাশিয়ায়

৩০. কোনো প্রতিষ্ঠানের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করা হয় —
ক) হিসাবকালের যে কোনো তারিখে
খ) হিসাবকালের শেষ তারিখে
গ) নির্দিষ্ট হিসাবকালের জন্য ঘ) যে কোনা হিসাবকাল ধরে

৩১. নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?
ক) কারখানা ভাড়া খ) দারোয়ানের বেতন
গ) লাইসেন্স ফি ঘ) কাঁচামাল ব্যয়

৩২. হাসেম মিয়া একজন চাষী। সে দেখলো এ বৎসর ২৫ কেজি আলুর উৎপাদন ব্যয় হলো ১,০০০ টাকা। যদি তিনি বিক্রয় মূল্যের উপর ২০% মুনাফা প্রত্যাশা করেন তাহলে তার প্রতি কেজি আলুর বিক্রয়মূল্য কত টাকা ছিল?
ক) ৪০ খ) ২২০ গ) ৫০ ঘ) ২৫০

৩৩. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা হলে ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?
ক) ৪,৫০০ খ) ৫,১৭৫
গ) ৫,৪৭৫ ঘ) ৫,৭৭৫

৩৪. আর্থিক অবস্থার বিবরণী হচ্ছে —
i. একটি বিবরণী ii. একটি তালিকা
iii. একটি হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

চিত্রটি লক্ষ্য কর এবং ৩৫-৩৬নং প্রশ্নের উত্তর দাও:
নিচের জামাল কোম্পানির সমচ্ছেদ বিন্দুর চিত্র দেওয়া হলো:

y
পরিবর্তনশীল ব্যয়
৪
স্থায়ী ব্যয়
০
x

৩৫. জামাল কোম্পানির পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ কত?
ক) ১,০০,০০০ টাকা খ) ২,০০,০০০ টাকা
গ) ৩,০০,০০০টাকা ঘ) ৪,০০,০০০ টাকা

৩৬. জামাল কোম্পানির সমচ্ছেদ বিন্দু (টাকা) কত?
ক) ২,০০,০০০ খ) ৩,০০,০০০
গ) ৪,০০,০০০ ঘ) ৬,০০,০০০

৩৭. দুন কোম্পানির অনুমোদিত মূলধনের পরিমাণ হলো ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার। ইস্যুকৃত মূলধনের পরিমাণ ৮০% এবং বিলিকৃত মূলধনের পরিমাণ ৭০%। দুন কোম্পানির বিলিকৃত মূলধনের পরিমাণ কত টাকা?
ক) ৫,৬০,০০০ খ) ৭,০০,০০০
গ) ৮,০০,০০০ ঘ) ১০,০০,০০০

৩৮. অনুপাত বিশ্লেষণের উদ্দেশ্য হলো—
i. প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের ক্ষমতা যাচাই করা
ii. প্রতিষ্ঠানের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা যাচাই করা
iii. বিগত বৎসরের সাথে চলতি বৎসরের তুলনামূলক বিশ্লেষণ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৯. ABC বিশ্লেষণে মজুত মালকে কি অনুযায়ী শ্রেণিবিন্যাস করা হয়?
ক) দাম খ) সংখ্যা
গ) পরিমাণ ঘ) গুণাগুণ

৪০. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কী?
ক) ব্যয় নির্ধারণ ও নিয়ন্ত্রণ খ) ব্যয় শ্রেণিবিন্যাসকরণ
গ) ব্যয় লিপিবদ্ধকরণ ঘ) ব্যয় নিরীক্ষাকরণ

১	খ	২	খ	৩	ক	৪	ঘ	৫	ক	৬	ঘ	৭	ঘ	৮	গ	৯	খ	১০	ঘ	১১	ক	১২	ঘ	১৩	খ	১৪	ক	১৫	গ	১৬	ঘ	১৭	খ	১৮	খ	১৯	ক	২০	খ
২১	ক	২২	ঘ	২৩	ক	২৪	ক	২৫	গ	২৬	খ	২৭	ক	২৮	খ	২৯	খ	৩০	গ	৩১	ঘ	৩২	গ	৩৩	ক	৩৪	ক	৩৫	খ	৩৬	ঘ	৩৭	খ	৩৮	ঘ	৩৯	ক	৪০	ক